

## শিক্ষার্থীদের জিজ্ঞাসিত প্রশ্ন ও তার উত্তরঃ

### (সুনামগঞ্জ জেলা)

#### **প্রশ্ন ১) সাইবার অপরাধের ক্ষেত্রে কোথায় অভিযোগ বা মামলা দায়ের করতে হবে?**

উত্তরঃ সংশ্লিষ্ট থানায় এফআইআর দায়েরের করতে হবে। এছাড়া সাইবার ট্রাইবুনালেও অভিযোগ দায়ের করা যাবে। সাইবার অপরাধের শিকার নারীরা যাতে সহজে এবং ভয়ভীতিহীনভাবে অভিযোগ জানাতে ও প্রতিকার চাইতে পারে, সে জন্য 'পুলিশ সাইবার সাপোর্ট ফর উইমেন' নামে একটি অফিসিয়াল ফেসবুক পেইজ চালু করা হয়েছে। সেখানেও অভিযোগ জানানো যাবে। সরকারিভাবে প্রতিষ্ঠিত জরুরী সেবা হটলাইন ৯৯৯ বা নারী নির্যাতন দমন বিষয়ক হটলাইন ১০৯ কল করে অভিযোগ জানানো যাবে। এছাড়া সিসিএ কার্যালয়ের অফিসিয়াল নাম্বারে যোগাযোগ করলে তাকে সব ধরনের সহায়তা করা হবে।

#### **প্রশ্ন ২) সকল শিক্ষার্থীদের উক্ত ওয়েবিনারে কিভাবে সংযুক্ত করা যাবে?**

উত্তরঃ ওয়েবিনার চলাকালীন সময়ে কেবল ৩০০ ডিভাইস দিয়ে আমাদের সাথে যুক্ত হওয়া যাবে। এছাড়া অন্যান্য শিক্ষার্থীরা যারা সারাসরি যুক্ত হতে পারেনি তারা সিসিএ কার্যালয়ের অফিসিয়াল ফেসবুকের পেজে প্রবেশ করে লাইফ সম্প্রচার দেখতে পারবে।